# ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের
# ২২তম সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ ঃ ২৮ নভেম্বর ২০২২ খ্রিঃ

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

স্থান ঃ কে. বি আবদুচ ছত্তার মিলনায়তন

আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবন, চট্টগ্রাম

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**

আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২২তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৮ নভেম্বর ২০২২ খ্রিঃ |
| স্থান | : | কে.বি আবদুচ ছত্তার মিলনায়তন<br>(আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবন) |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে নগরীর গণ্যমান্য ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শহীদুল আলম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

শুরুতে গত ২৭অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২১তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কারো আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনেরপ্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শহীদুল আলম গত সভায় গৃহীত বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগ ওয়ারী গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য সচিব জনাব খালেদ মাহমুদ-কে আহবান জানান। সচিব এ বিষয়ে বিভিন্ন সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানও প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচালকদের প্রকল্প অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন উপস্থাপনের জন্য আহবান জানান।

২,৫০০ কোটি টাকার প্রকল্পের পরিচালক জনাব গোলাম ইয়াজদানী জানান,২৫০০ কোটি টাকার প্রকল্পে গত মাসের ২১৩ কোটি সহ ইতোমধ্যে ৩৪৩ কেটি টাকার উন্নয়ন প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ডিসেম্বর মধ্যে আরো অন্তত ২০০ কোটি টাকার টেন্ডার আহবান করা হবে।

বারইপাড়া খাল খনন প্রকল্পের পরিচালক নির্বাহী প্রকৌশলী ফরহাদুল আলম বলেন, জেলা প্রশাসন থেকে হস্তান্তরকৃত ১০ একর ভূমিতে ইতোমধ্যে ৩টি ব্রীজ এবং ২২০০ ফিট খাল খনন করা হয়েছে। বাকী ১৬ একর এর মধ্যে ১০ একর ভূমি ডিসেম্বর এর মধ্যে এলএ শাখা কর্তৃক হস্তান্তর করা হবে। ডিসেম্বর মাসে অন্তত ৪০০ফিট খাল খনন ও একটি ব্রীজের নির্মাণ সমাপ্ত হবে।

সেবক কলোনীর নির্মাণ প্রকল্পের পরিচালক তত্ত্বাবধায়ক প্রকৌশলী মুনিরুল হুদা বলেন, সেবক কলোনীর ৭টি ভবনের মধ্যে ৪টির নির্মাণ কাজ চলছে। ১টিতে নতুন ঠিকাদার নিয়োগ দেয়া হয়েছে। ২টি জায়গা এখনও পাওয়া যায় নি। ডিসেম্বর মাসে ফিরিঙ্গী বাজার সেবক কলোনীর নতুন ভবনের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১২৩০ কোটির টাকার বাস ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিচালক তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোহাম্মদ আবু ছালেহ বলেন, ইতোমধ্যে উক্ত প্রকল্পের অধীনে ৯৩২টি রোড ও ৩৩টি ব্রীজ নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে যা আগামী ২ মাসের মধ্যে শেষ হবে। বাস ট্রাক টার্মিনাল নির্মাণের জন্য শ্রেণীকরন সমস্যার সমাধানের ফলে ভূমি অধিগ্রহন দ্রুত সম্পন্ন করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

যান্ত্রিক শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আকবর আলী বলেন, মাদারবাড়ীতে চসিকের আওতাধীন ভূমিতে গাড়ী রক্ষণা বেক্ষণ ও মেরামতের উদ্দেশ্যে শেড নির্মাণের কাজ ডিসেম্বর এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে। ইতোমধ্যে নিলামকৃত ৬১টি গাড়ী ও যন্ত্রপাতি সাগরিকা ওয়ার্কসপ থেকে সড়ানোর ব্যবস্থা হলেসেই খালি স্থানেও গাড়ী রাখা সম্ভব হবে। যার ফলে চসিকের প্রধান ভবনের সামনে সরু সড়কে যান্ত্রিক শাখার গাড়ী পার্কিং করা থেকে বিরত রাখা যাবে।

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এর সহকারী পুলিশ কমিশনার (ক্রাইম) মোঃ মোস্তফা কামাল বলেন, চসিক কর্তৃক উচ্ছেদকৃত স্থান সমূহ পূণঃ দখল রোধে সিএমপির অধীনস্থ থানা সমূহের মাধ্যমে তদারকীর বিষয়ে যে আলোচনা হয়েছে তা উর্দ্ধতন কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ গ্রহনের জন্য অবহিত করা হবে।

সচিব বিগত সভার কার্য বিবরনীতে অন্তর্ভূক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর পরবর্তী আলোচ্য সূচী অনুযায়ী আলোচনায় অংশ গ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১: ১৫নং বাগমনিরাম ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র জনাব মোঃ গিয়াস উদ্দিন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অস্থায়ী কর্মচারীরা দীর্ঘ ২০/২৫ বছর ধরে কর্মরত আছেন। ইতিমধ্যে সাংগঠনিক কাঠামো অনুযায়ী শূণ্য পদ সমূহ পূরণের জন্য মন্ত্রণালয়ের নির্দেশনা মত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এই সব পদে অস্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের নিয়মিত করনের জন্য কর্মরত অস্থায়ী কর্মচারীদের বিভিন্ন সংগঠন ও সিবিএ স্বতন্ত্রভাবে এবং একযোগে দীর্ঘদিন ধরে অভিন্ন লক্ষ্যে নানা কর্মসূচি পালন করে যাচ্ছে যা বিবেচনায় নিয়েচসিকে কর্মরত অস্থায়ী কর্মচারীদের আইনানুগ পদ্ধতিতে স্থায়ী করার জন্য ১৯ এপ্রিল ২০২২ তারিখে একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন। এর প্রেক্ষিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ সাত সদস্যের একটি কমিটি গঠন করেন। কমিটি আইনগত দিক খতিয়ে দেখে অস্থায়ী কর্মকর্তা কর্মচারীদের স্থায়ী করার জন্য আদালতের রায় এবং অন্যান্য প্রাসঙ্গিক ঘটনা পর্যালোচনা পূর্বক মানবিক ও সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় অস্থায়ী কর্মকর্তা কর্মচারীদের স্থায়ী করনে তিন দফা সুপারিশ প্রদান করেন।তিনি সকল বিষয় সার্বিক বিবেচনাপূর্বক দীর্ঘ দিন যাবত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মরত অস্থায়ী কর্মচারীদের স্থায়ীকরনে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহনের জন্য সভাকে অনুরোধ জানান।

১.২: ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মোবারক আলী বলেন, স্থায়ী করনের জন্য চিঠি প্রেরণের পাশাপাশি মন্ত্রনালয়ে সরাসরি গিয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ,সচিব ও সংশ্লিষ্টদের সাথে আলোচনার মাধ্যমে সামগ্রিক প্রেক্ষাপট সম্পর্কে অবগত করতে হবে। তাছাড়া অতীতের স্থায়ী করনের উদ্দেশ্যে যারা উচ্চ আদালতের শরণাপন্ন হয়েছে তারা স্থায়ী হবার সুযোগ পেয়েছে বিধায় এই বিষয়েও বিবেচনার জন্য তিনি অনুরোধ জানান।

১.৩: সংরক্ষিত ১২ নং আসনের কাউন্সিলর ও প্যানেল মেয়র আফরোজা কালাম সকল কাউন্সিলরদের জোরালো দাবী ও সাধারণ সভার সিদ্ধান্তের আলোকে মানবিক দিক বিবেচনা করে অস্থায়ী কর্মকর্তা কর্মচারীদের স্থায়ী করনের পদক্ষেপ নেয়ার জন্য আন্তরিকতার সাথে প্রচেষ্টা চালানোর জন্য সভাকে অনুরোধ করেন।

১.৪: ০৯নংউত্তর পাহাড়তলী ওয়ার্ড কাউন্সিলর জনাব জহুরুল আলম জসিম প্রধান নির্বাহী কর্মকর্তাকে কর্মচারীদের স্থায়ী করনের জন্য কার্যকর পন্থা অবলম্বনপূর্বক তা দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি ইস্পপাহানী গেইট থেকে ফয়সলেক পর্যন্ত সড়কে এলইডি লাইট সমূহ ০২ মাস ধরে জ্বলে না উল্লেখ করে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহনের জন্য সভাকে অনুরোধ করেন।

১.৫: ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড কাউন্সিলর জনাব গোলাম মো: জোবায়ের মাদারবাড়ীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জায়গায় যান্ত্রিক শাখার গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য শেড নির্মাণের কাজ দ্রুততার সাথে টেকসইভাবে সম্পন্ন করার জন্য সভাকে অনুরোধ করেন। তিনি কাউন্সিলরদের চাহিদা অনুযায়ী ওর্য়াডে প্রতি মাসে ০২ (দুই) বার বৈদ্যুতিক সরঞ্জাম প্রেরণের জন্য অনুরোধ করেন।

১.৬ : বিদ্যুৎ বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব ঝুলন কুমার দাশ বলেন, কাউন্সিলরদের চাহিদা অনুযায়ী প্রতিমাসে ০২ (দুই) বার বৈদ্যুতিক সরঞ্জাম ওয়ার্ড অফিসে প্রেরণ করা হচ্ছে। ইস্পাহানী মোড় থেকে ফয়সলেক পর্যন্ত রাস্তার দুই পাশে সড়ক বাতির পোল সমূহ জরুরী ভিত্তিতে রাস্তার মাঝখানে আইল্যান্ডে স্থাপনের ব্যবস্থা করা হবে। টেন্ডার এর মাধ্যমে উন্নত মান সম্পন্ন সড়ক বাতি ক্রয়ের ব্যবস্থা নেয়া হয়েছে।

১.৭ : চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা জনাব আবুল হাসেম বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সফর উপলক্ষ্যে পলোগ্রাউন্ড মাঠ ও মাঠের চারপাশে ব্যাপক পরিচ্ছন্নতা কার্যক্রম ও নালা নর্দমা পরিস্কার ও মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। মশক নিধনের কার্যকর ঔষধ সংগ্রহ করা হয়েছে এবং প্রতিটি ওয়ার্ডে পাড়া মহল্লা থেকে শুরু করে নগরীর গুরুত্বপূর্ণ স্পর্টে মশক নিধনের জন্য সপ্তাহব্যাপী কর্মসূচি প্রণয়ন করা হয়েছে যা চক্রাকারে চলবে। তিনি এই কর্মসূচি পরিপূর্ণভাবে সফল করার জন্য সম্মানিত কাউন্সিলরদের মাধ্যমে মনিটরিং করার জন্য সভাকে অনুরোধ করেন।

১.৮ : চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী চট্টগ্রাম সফর উপলক্ষ্যে নগরীর সকল গুরুত্বপূর্ণ সড়ক / ফ্ল্যাইওভার মেরামত, লেইন মার্কিং, মিডিয়ান ও ফুটপাতের উভয় পার্শ্বে সৌন্দর্য্য বর্ধন ও গাছ রোপন করে সবুজায়ন করা হচ্ছে। সমাবেশের দিন মাঠে জেনারেটর স্থাপন করে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হবে। পলোগ্রাউন্ড মাঠ, মঞ্চ, মাঠের প্রবেশ মুখ সমূহ হতে পলোগ্রাউন্ডে যাওয়ার সড়ক ও সন্নিহিত এলাকার সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে চসিকের বিভিন্ন উন্নয়ন প্রকল্প উদ্বোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১.৯ : প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ শহীদুল আলম বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মরত অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সাবেক সিনিয়র সচিব জনাব হেলালুদ্দিন এর দায়িত্বকালীন সময়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছিল। এই সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক কর্মচারীলীগ এর (সিবিএ) সভাপতি ও সাধারণ সম্পাদকও উপস্থিত ছিলেন। সভার আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তের সাথে পরবর্তীতে প্রেরিত রেজুলেশনে সিদ্ধান্তের অমিল থাকায় কাঙ্খিত ব্যবস্থা নেওয়া যায়নি। যেহেতু এই বিষয়ে অস্থায়ী কর্মচারীরা নানাবিধ কর্মসূচি পালন করছে সেই প্রেক্ষিতে চসিকের উর্দ্ধতন কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত সাত সদস্য বিশিষ্ট কমিটি স্থায়ী করনের পক্ষে তিন দফা সুপারিশ সহ রিপোর্ট প্রদান করেছেন। যাহা ইতোমধ্যে উপস্থাপিত হয়েছে। স্থায়ী করনের বিষয়টি জটিলতা পূর্ণ বিধায় প্রদত্ত রির্পোর্টের ভিত্তিতে ও সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তের উপর স্থায়ী করনের সুযোগ নেই। তিনি স্থায়ী করনের পক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর ১৯ এপ্রিল অনুষ্ঠিত একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা ও পেপার কার্টিংসহ স্থায়ী করনের বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ০৭ (সাত) সদস্যে কমিটির প্রদত্ত রিপোর্ট ও সাধারণ সভার সিদ্ধান্তসহ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী এই বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহনের প্রস্তাব দেন।

২.০ : চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, চট্টগ্রামের উন্নয়নের ধারাবাহিকতা রক্ষা করতে ৪ ডিসেম্বরের মাননীয় প্রধানমন্ত্রীর জনসভাকে জনসমুদ্রে পরিণত করতে হবে। চট্টগ্রাম নগরীকে আধুনিক নগরীতে রূপান্তরের জন্য সম্প্রতি শতভাগ সরকারি অর্থায়নে ২৫০০ কোটি টাকার সড়ক ও ফুটওভার ব্রীজ নির্মাণ প্রকল্প, ১৩০০কোটি টাকার বারইপাড়া খাল-খনন প্রকল্প প্রদান করায় নগরবাসীর পক্ষ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে মেয়র বলেন, চট্টগ্রামের উন্নয়নের প্রতি গুরুত্ব দিয়ে প্রধানমন্ত্রী কর্ণফুলীর তলদেশে টানেল,বে-টার্মিনাল, মাতারবাড়িতে গভীর সমুদ্র বন্দর ও বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, মিরসরাইতে বঙ্গবন্ধু বিশেষ অর্থনৈতিক অঞ্চল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও মেট্রোরেলের সম্ভাব্যতা যাচাই প্রকল্প, ঢাকা চট্টগ্রাম মহাসড়ক ছয় লেইনে উন্নীত করণ প্রকল্প, দোহাজারী থেকে কক্সবাজার পর্যন্ত রেল লাইন স্থাপন ও ঢাকার সাথে চট্টগ্রামের যোগযোগ

ব্যবস্থা উন্নীত করণের মাধ্যমে চট্টগ্রামের মানুষের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন সাধিত হবে । বঙ্গবন্ধু টানেল চালু হলে দক্ষিণ পূর্ব এশিয়ার সড়ক যোগাযোগের ক্ষেত্রে একটি মাইলফলক উন্মোচিত হবে। সেই সাথে চট্টগ্রাম নগরী চীনের সাংহাই নগরীর আদলে "ওয়ান সিটি টু টাউন" বাস্তবায়নের ক্ষেত্র তৈরী হবে।

তিনি কর মূল্যায়ন বিষয়ে ঘোষনা করে বলেন, নগরীর বীর মুক্তিযোদ্ধা, শহীদ পরিবার, গরীব- দুঃস্থ ও কাঁচা ঘরের মালিকদের কোন গৃহকর পরিশোধ করতে হবে না এবং তাদের হোল্ডিং ট্যাক্সের আওতায় বাইরে রাখার নির্দেশ প্রদান করেন। প্রধানমন্ত্রী চট্টগ্রামে আগমন ও মহাসমাবেশ উপলক্ষে ইতোমধ্যে চট্টগ্রাম বন্দর নগরীকে বর্ণিলভাবে সজ্জিত করা হয়েছে। জনসভায় আগতদের জনসাধারনের সুবিধার্থে পানীয় জল সরবরাহ, ভ্রাম্যমান টয়লেট স্থাপন এবং মেডিকেল টিমসহ যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সভাস্থলের নিরাপত্তা বিধানের জন্য ১০০টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হবে। নগরীর বিভিন্ন সরকারী সেবা সংস্থা গুলো কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী দুই এক দিনের মধ্যে সমন্বয় সভা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সভাপতি সরকার প্রদত্ত দুই হাজার পাঁচশত কোটি টাকার কাজের মধ্যে আগামী ডিসেম্বরে অন্তত আরো ২০০ কোটি টাকার কাজের টেন্ডার প্রক্রিয়া শেষ করা এবং অন্তত ১০টি ফুট ওভার ব্রীজের কাজ শুরু করার নির্দেশনা প্রদান করেন । তিনি প্রতি ওয়ার্ডে ছোট বড় সকল সড়কের খানাখন্দক মেরামত ও সংস্কার কাজ করারও নির্দেশনা দেন।মেয়র চট্টগ্রাম ওয়াসা কর্তৃক অনুমতি বিহীন কোন রোড কার্টিং করছে কিনা তা সঠিকভাবে তদারকীর জন্য প্রধান প্রকৌশলীকে নির্দেশনা দেন। ইতোমধ্যে চসিকের গৃহীত বিভিন্ন প্রকল্পের মাসওয়ারী অগ্রগতি প্রতিবেদন প্রদানেরও নির্দেশনা দেন।

সভায় রাজস্ব আদায়ের গতি বৃদ্ধি করার উপর জোর দিয়ে সভাপতি অনুমতি বিহীন যেসব স্ল্যাবস্থাপন করা হয়েছে তাদের কাছ থেকে উপযুক্ত ফি আদায় করার জন্য কর আদায়কারীদের মাধ্যমে তথ্যসংগ্রহ করে তা বাস্তবায়ন করা, ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা প্রতিষ্ঠানের তালিকা সংগ্রহকরে প্রতিষ্ঠানগুলোকে ট্রেড লাইসেন্সের আওতায় আনা, ভূ-সম্পত্তি শাখার অধীনে থাকা সম্পত্তিগুলোকে ডেভেলপারের/ পিপিপি এর মাধ্যমে উন্নয়ন বা নিজস্ব উদ্যোগে আয়বর্ধক প্রকল্প গ্রহণ করার উপরগুরুত্বারোপ করেন।এছাড়া নগরীর রিকসা, ভ্যানগুলোর বারকোড যুক্ত লাইসেন্স প্রদানের জন্য প্রধানরাজস্ব কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।এছাড়া চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে কন্টেইনার ও ট্রাকের উপর চসিকের সুনির্দিষ্ট চার্জ আদায়ের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ রক্ষা করা এবং কাষ্টমসের বিল অব এন্ট্রি থেকে চার্জ আদায়ের প্রক্রিয়া ত্বরান্বিত করার উপর গুরুত্বারোপ করেন।

যান্ত্রিক শাখার কাজের গতি বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করেসভাপতি বলেন, মাদারবাড়ীতে চসিকের মালিকানাধীণ জায়গায় গাড়ী পার্কিং ও রক্ষণা-বেক্ষনের ব্যবস্থা করণে শেড নির্মাণ কাজ দ্রুত শেষ করতে হবে এবং কাজের গুনগত মান যাতে প্রশ্নবিদ্ধ না হয় সেদিকে নজর রাখতে হবে।

বিদ্যুৎ শাখার কর্মকর্তাদের উপর মেয়র ক্ষোভ প্রকাশ করে নগরীতে নিরবচ্ছিন্ন আলোকায়নেরক্ষেত্রে যে অভিযোগ পাওয়া যায় তার পুনরাবৃত্তি যেন আর না হয় সে ব্যাপারে সতর্ক করেন।

তিনিবলেন, নগরীর মশক নিধণের জন্য কার্যকর ঔষধ সংগ্রহ করা হয়েছে।নগরীর প্রতিটি ওয়ার্ডের কাউন্সিলরদের মশক নিধনে প্রণীত সপ্তাহ ব্যাপী কর্মসূচী যথাযথবাস্তবায়ন হচ্ছে কিনা তা তদারকীর জন্য নির্দেশনা দেন।

জলাবদ্ধতা নিরসনে শুস্ক মৌসুমের মধ্যেচসিকের আওতাধীন সকল খাল, নালা-নর্দমা নিজস্ব স্কেভেটরের মাধ্যমে পরিস্কার করার কথা বলেন।তিনি উচ্ছেদ কাজে সিএমপির সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, উচ্ছেদকৃত স্থানগুলো যাতে পুন: দখল হতে না পারে সে ব্যাপারে স্থানীয় থানাগুলোকে ভূমিকা রাখতে হবে। নগরীর যানজট নিরসনের ফ্লাইওভারের নিচে ও উপযুক্ত স্থানে চসিক ও সিএমপি যৌথ উদ্যোগে পে-পার্কিং ব্যবস্থা চালুকরণের ব্যাপারে ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।

সভাপতি বলেন,চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মপরিধি বৃদ্ধি পাওয়ায় অনুমোদিত জনবল কাঠামোর বাইরে জরুরি প্রয়োজনে বিভিন্ন সময় অস্থায়ী ভিত্তিতে কিছু কর্মকর্তা কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছিল। এদের মধ্যে অনেকেই অস্থায়ী হিসেবে ২০-২৫ বছর পর্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন। অনেকে অস্থায়ীভাবে চাকুরী শেষ করে অবসর যাচ্ছেন। কিন্তু চাকুরী শেষে যৌক্তিক আর্থিক সুবিধা পাওয়া থেকে বঞ্চিত হওয়ায় তাদের মানবেতর জীবন যাপন করতে হচ্ছে। তাছাড়া অস্থায়ীভাবে কর্মরতরা স্থায়ীদের সমান কাজ করেও চাকুরী স্থায়ী না হওয়ার ফলে পদোন্নতিসহ সরকার প্রদত্ত সুযোগ-সুবিধা না পাওয়ায় হতাশাগ্রস্থ হয়ে কর্মস্পৃহা হারিয়ে ফেলছে। এ অবস্থা চলতে থাকলে চসিকের সুষ্ঠুভাবে নাগরিক সেবা প্রদান কার্যক্রম ক্ষতিগ্রস্থ হবে। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী গত ১৯এপ্রিল একনেক সভায় অস্থায়ী কর্মচারীদের আইনানুগ প্রক্রিয়ার মাধ্যমে স্থায়ী করার নির্দেশনা দিয়েছেন। এ ব্যাপারে

চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক কর্মচারী লীগ সিবিএ দীর্ঘদিন ধরে আন্দোলন সংগ্রাম চালিয়ে আসছে। বিষয়গুলোকে বিবেচনায় নিয়ে কর্মচারীদের স্থায়ী করণের নিমিত্তে যথাযথ প্রক্রিয়া অবলম্বন পূর্বক একটি সর্বসম্মত সিদ্ধান্তে উপনীত হওয়া প্রয়োজন।

সভাপতি নগরীর সকল সেবাদানকারী সংস্থাকে সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থেকে তাদের স্ব স্ব সংস্থার কাজের সহিত সম্পর্কিত আলোচিত সমস্যাবলী নিরসনে গৃহিত কার্যকর পদক্ষেপ সম্পর্কে পরবর্তী সভায় সুনির্দিষ্টভাবে উপস্থাপনের আহবান জানান এবং সকলের অর্পিত দায়িত্ব সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের জন্য অনুরোধ জানান।উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচি ০১ ঃ গত ২৭অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২১তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৭ অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২১তম সাধারণ সভার কার্যবিবরণী সচিব সভায় উপস্থাপন করেন। | কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২১তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহবাস্তবায়ন ও পর্যালোচনা ।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা ভূক্ত সংস্থাসমূহ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্তেরবিষয়ে আলোচনা।**

**৩:১: সংস্থা ভিত্তিক আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্তঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় রাস্তা বর্ধিতকরণের পর রাস্তা বা ড্রেনের ভিতর অবস্থিত বৈদ্যুতিক পোলসমূহ দ্রুত অপসারণে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। আগ্রাবাদসহ নগরীর বিভিন্ন এলাকায় বৈদ্যুতিক পোলগুলো নালার উপর রাখার ফলে পানি চলাচলের যে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে তা দ্রুত সরিয়ে ফেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন দোকান, মার্কেট, ফোয়ারা ও গুরুত্বপূর্ণ স্থানে স্থাপিত পোল সমূহে বিদ্যুৎ সংযোগ প্রদান ও প্রি-পেইড মিটার সরবরাহে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড<br>চট্টগ্রাম | |

| | | | |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ওয়াসা সম্পর্কিতবিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। ওয়াসা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ফি'র বাইরে অনুমতিহীন সড়ক কর্তন করলে ওয়াসা কর্তৃপক্ষ, ওয়াসার সংশ্লিষ্ট ঠিকাদার ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট দায়িত্বরত প্রকৌশলীকে জবাবদিহিতার আওতায় আনতে হবে।<br>২। ওয়াসাকে সড়ক কাটতে হলে তা অন্তত ৬ (ছয়) মাস পূর্বে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে অবহিত করতে হবে।<br>৩। মোহরার সিএন্ডবি রোডের ফুটপাত দখল করে ওয়াসা কর্তৃক স্থাপিত অবৈধ স্থাপনা বিগত সভায় ওয়াসা প্রতিনিধির প্রতিশ্রুতি অনুযায়ী অপসারণ না করায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয় এবং ওয়াসা প্রতিনিধির প্রতিশ্রুতি অনুযায়ী আগামী ১২ নভেম্বরের মধ্যে স্থাপনাটি অপসারণ করতে হবে।<br>৪। নগরীর ৩৭ নং মুনিরনগর ওয়ার্ডে ওয়াসা প্রকল্প বাস্তবায়নের কারণে কয়েক একর ভূমিতে কৃষি ফসল ঘরে তুলে আনার আগে কোন ধরণের আগাম অবহিতকরণ ছাড়া ফসল বিনষ্ট করায় স্থানীয় দরিদ্র কৃষকেরা যে ক্ষতির সম্মুখীন হয়েছে তা মানবিক বিবেচনায় ক্ষতিপুরণ প্রদানের অনুরোধ জানিয়ে ওয়াসা কর্তৃপক্ষ বরাবর পত্র দিতে হবে।<br>৫। মুনিরনগরে স্থাপিত স্লুইস গেইটের মধ্য দিয়ে ওয়াসার প্রকল্পের জায়গা ভরাটের পাইপ লাইন দিয়ে সমুদ্রের পানি প্রবেশ করায় পুরো হালিশহর এলাকা জলোচ্ছাসে প্লাবিত হয়ে এলাকাবাসী যে ভোগান্তি ও ক্ষতির সম্মুখীন হয়েছে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ওয়াসা কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>৬। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত ৩৭, ৩৮, ৪০, ৪১ নং ওয়ার্ড গুলোতে ওয়াসা কর্তৃক পাইপ লাইন স্থাপনের জন্য মাননীয় মেয়রের মাধ্যমে ওয়াসা কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম ওয়াসা | । |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম মেট্টোপলিটন পুলিশেরসহযোগিতা গ্রহণের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। চসিক কর্তৃক উচ্ছেদকৃত স্থানসমূহ পুর্ণদখল রোধে সিএমপি অধীনস্থ থানা সমূহের মাধ্যমে তদারকীর জন্য যে পত্র প্রেরণ করা হয়েছে তা বাস্তবায়নে সিএমপি কর্তৃক কার্যকর পদক্ষেপ করতে হবে।<br>২। বিগত সাধারণ সভায় সিএমপি প্রতিনিধি উপস্থিত না থাকায় আইন শৃঙ্খলা বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি বিষয়টি অবগত করে পত্র প্রেরণ করতে হবে।<br>৩। যানজট ও জনভোগান্তি রোধে ব্যাটারী চালিত রিক্সা,অননুমোদিত সিএনজি ট্যাক্সিসহ নানা রকম অনাকাঙ্খিত যানবাহন চলাচল বন্ধ করার জন্য চট্টগ্রাম মেট্টোপলিটন পুলিশকে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কমিশনার চট্টগ্রাম মেট্টোপলিটন পুলিশ | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ওয়াসা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে | ১. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের কারণে চসিকের যেসব সড়কসমূহ চলাচল অনুপোযোগী হয়ে পড়েছে তা জরুরি ভিত্তিতে মেরামত করতে হবে।<br>২. সিডিএ কর্তৃক মুনিরনগরে নির্মিতব্য স্লুইস গেইটের নির্মান কাজ দীর্ঘদিন শেষ না করার কারণে ঘূর্ণিঝড় সিত্রাংয়ের | চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | |

| | | | |
|---|---|---|---|
| পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | প্রভাবে সমুদ্রের পানি প্রবেশ করায় স্লুইস গেইট সংলগ্ন প্রায় ৫০ একর জায়গায় ফসলহানি সহ পুরো হালিশহর এলাকা জলোচ্ছাসে প্লাবিত হয়ে এলাকাবাসীর ব্যাপক ক্ষতির সম্মুখীন হতে হয়েছে। তার যথাযথ ক্ষতিপূরণ দাবী করে সিডিএ বরাবর পত্র প্রেরণ করতে হবে এবং অবিলম্বে স্লুইস গেইটের নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য সিডিএ-কে অনুরোধপত্র প্রেরণ করতে হবে। | | |

## ৩:২:ঃপ্রকৌশল বিভাগ

### ৩:২.১:ঃ প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিতসংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১।২৫০০ কোটি টাকার প্রকল্পে ডিসেম্বরের মধ্যে আরো কমপক্ষে ২০০ কোটির টাকার টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>২। ২৫০০ টাকার প্রকল্পের আহবানকৃত টেন্ডারের কাজ গুণগতমান অক্ষুন্ন রেখে শুষ্ক মৌসুমের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ১০টি ওভার ব্রীজের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>৩।বারইপাড়া খাল খনন প্রকল্পের নামে অধিগ্রহনকৃত বাকী ১০ একর ভূমি ডিসেম্বর এর মধ্যে জেলা প্রশাসনের এলএ শাখা হতেগ্রহণ করতে হবে। ডিসেম্বর এর মধ্যে অন্তত ৪০০ফিট খাল খনন ও একটি ব্রীজের নির্মাণ কাজ সম্পন্ন করতেহবে।<br>৪। ডিসেম্বর এর মধ্যে নগরীর অলি গলি সহ সকল সড়ক মেরামত ও সংস্কার করতে হবে।<br>৫। ডিসেম্বর এর মধ্যে ফিরিঙ্গী বাজার সেবক কলোনীর নতুন ভবনের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং অন্যান্য ভবনগুলোর নির্মাণ কাজ দ্রুত শেষ করতে হবে।<br>৬। ডিসেম্বর এর মধ্যে বাস ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের ভূমি অধিগ্রহন কাজ দ্রুত সম্পন্ন করে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।<br>৭। সিএমপির সাথে আলোচনার মাধ্যমে গুরুত্বপূর্ণ সড়কের উপর্যুক্ত স্থানে ও ফ্লাইওভারের নিচে পে-পার্কিং এর ব্যবস্থা করতে হবে। | ১-৬। ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট প্রকল্প<br>৭। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

### ৩:২:২ঃ প্রকৌশল বিভাগের পুরকৌশল শাখা সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৪ নভেম্বর ২০২২ তারিখেনগর অবকাঠামো ও সংরক্ষণ স্থায়ী কমিটিরসভায় আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | Revenue প্রকল্পের ক্ষেত্রে MB তে XEN পর্যন্ত সহি প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তবে বিল কপি ও নোটে পূর্ববৎ সকলের স্বাক্ষর করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | নগর অবকাঠামো ও সংরক্ষণ স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত। |
| | Development প্রকল্পের ক্ষেত্রে MB তে PD পর্যন্ত সহি প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তবে বিল কপি ও নোটে পূর্ববৎ সকলের স্বাক্ষর হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | জরুরী ভিত্তিতে সাগরিকাস্থ ল্যাবরেটরী চালু করার জন্য পদ সৃজন করে বিধি অনুযায়ী লোকবল নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>প্রধান প্রকৌশলী | |

| | | | |
|---|---|---|---|
| | | চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | কার্যাদেশের কপি প্রাক্কলনসহ কাউন্সিলর মহোদয়দের নিকট প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশনশ্লষ্ট<br>উপসহকারী প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | মাননীয় মেয়র এর জরুরী ব্যবস্থা নিন মর্মে নির্দেশনা পত্র সমূহের বাস্তবায়ন রিপোর্ট ৭(সাত) কর্মদিবসের মধ্যে মেয়র মহোদয়কে অবহিত করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| গত ১৪ নভেম্বর ২০২২ খ্রি. যোগাযোগ স্থায়ী কমিটির ১২তম সভায় পোর্ট কানেকটিং রোডের যানজট নিরসন ও লেইন মার্কিং ও রং করণ বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | পোর্ট কানেকটিং রোডের ট্রাক দাড়ানো দুরিকরণে পরিকল্পিতভাবে ব্যারিয়ার বাসনোর ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | যোগাযোগ স্থায়ী কমিটির ১২তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত । |
| | আগামী ৪ ডিসেম্বর মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে নগরীর গুরুত্বপূর্ণ সড়ক সমূহের মেরামত, লেইনমার্কিং ও রং করণের ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

<u>**৩:২:৩ঃপ্রকৌশল বিভাগের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন ঃ**</u>

<table>
<tr><th>আলোচনা</th><th colspan="7">সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td rowspan="5">চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ২০/১০/২২খ্রি. ০৩/১১/২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td colspan="7">চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ২০/১০/২২খ্রি. তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সাধারণ সভায় অনুমোদন করা হয় এবং পিপিআর ও সরকারী নিয়মনীতি অনুসরনে গুণগত মান বজায় রেখে যথা সময়ে কাজগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td rowspan="5">ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম</td></tr>
<tr><td>ক্রমিক নং</td><td>সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট ওয়ার্ড নং</td><td>প্রকল্পের নাম/ ধরন</td><td>প্রাক্কলিত ব্যয়</td><td>ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান</td><td>কাজের মেয়াদ</td><td>মন্তব্য/ প্যাকেজ নং</td></tr>
<tr><td>1</td><td>27 No. ward.</td><td>Construction of Tin Shed sami Pacca Kitchen Market at Nalapar Bazar at 27 No. South Agrabad ward.</td><td>১৬,৯০,০০০/-</td><td>মেসার্স ক্রিয়েশন কনস্ট্রাকশন</td><td></td><td>৭২৩৭০৯</td></tr>
<tr><td>2</td><td>City Corporation Head Office</td><td>Maintenance works at Chattogram City Corporation Head Office, Tigerpass, Chattogram.</td><td>৮,২৮,০০০/-</td><td>মেসার্স ইসলাম এন্ড ব্রাদার্স</td><td></td><td>৭২৩৭২০</td></tr>
<tr><td>3</td><td>37No. ward.</td><td>Delaunching and Assembling of Baily Bridge and other works at 37No North Middle Halishahar under Chattogram City Corporation.</td><td>২৫,০০,০০০/-</td><td>মেসার্স ফারিয়া এন্টারপ্রাইজ</td><td></td><td>৭২৪৯৭৭</td></tr>
</table>

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 4 | 37 No. ward. | Construction of Bakkar-Sheth and Ghashi Majhi para Graveyard Boundary wall at 37 No. ward. | ১২,৬৬,৩৩৩/- | মেসার্স ফাহিম এন্টারপ্রাইজ | | ৭৩৯৭০৮ | |
| | 5 | 41No. ward. | Carpeting work of VIP Road at 41No. ward. | ১,১৫,৭১,৯২১/- | মেসার্স মিজান এন্ড ব্রাদার্স | | ৭৩৯৭০৫ | |
| | 6 | 13No. ward | Dev. of Ambagan Road Footpath in Front of Railway High School at 13No. ward. | ১১,৯২,০০০/- | মেসার্স এম এম আর এন্টারপ্রাইজ | | ৭৩১৬৫৮ | |
| | 7 | 27No. ward | Dev. of Project proposal (DPP) and required relevant works | ১৯,৫০,০০০/- | মেসার্স স্ট্রাকচারাল | | Consultant | |
| | 8 | 13No. | Dev. of North Ambagan R/A. road (with drain), TPP Colony road adjacent on Field (with drain), Jaotala Councilor Goli road road (with drain), warless 1no lane to 6no lane (with drain) at 13no pahartali ward. (Lot-2)A | 2,47,00,000/- | M/s. SS Enterprise | | 722392 | |
| | 9 | 12 No. | Development of Ibrahim Contractor road, Sekandar Commissioner road and Dofadar bari by lane with drain at 12 no. Saraipara ward | 2,70,90,000/- | M/s. Abedin Enterprise | | 724292 | |
| | 10 | 6 No. | Development of Shah amanat bridge connecting road, Yasin Hazibari and Ek Kilometer Mir bari road at 6 no east sholoshahar ward | 1,71,30,000/- | M/s Nazim & Brothers | | 722336 | |
| | 11 | 6 No. | Development of Hares Shah road R/A road and by lanes & Iman Ali sowdagor bari road and by lanes at 6 no east sholoshahar ward | 1,62,66,000/- | M/s. A. K. Syndicate | | 722335 | |
| | 12 | 31 No. | Development of Baniartila lane, Jinnah goli, Alkaran 1 no. 2 no., 3 no. lanePost office lane, Sadarghat road adjacent Abdul Mabud lane (part-b) at 31 no ward | 2,58,90,000/- | M/s. M Huda Corporation | | 724573 | |
| | 13 | 36 No. | Development of Boro bari road, Moulobi Hasan Shaheb bari road and Thanda mia road at 36 no. Ghosaildanga ward | 2,99,92,000/- | M/s. Islam & Brothers | | 724295 | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 14 | 34 no. | Development of Bangshal Road Dubaiwala road, Hazi Nazu mia lane 1 no, 3 no & 4 no goli road, Hazi nazu mia lane rajbari road, Omar ali market road and fishery ghat monohor khali road with RCC drain at 34 no. Patharghata ward | 3,65,00,000/- | M/s. Brothers Associates | | 723102 | |
| | 15 | 10 No. | Dev. of Ali Nagar Mozide road, Easan Mohajan road lane bye lane at 10no ward. (Lot-2) (B) | 3,00,00,000/- | M/s. Raj Corporation. | | 722387 | |
| | 16 | 30 No. | Development of Maijpara mondir to Hazi bari road , Darogahat Amran road Baitul Monir Mosque, Hazi Musa lane, west jelepara by lane, Darogahat Hazi Ahamadur soudagor lane at 30 no ward | 3,27,85,000/- | M/s. RE-FC (JV) | | 724576 | |
| | 17 | 30 No. | Development of Majhirghat Tupiwalapara lane, North Nalapara Kaotani dham lane, Darogahat Haji Kalam lane, Jafar comissioner lane at Darogahat road, Darogahat dhona soudagor lane, Shahin Chowdhury lane at Darogahat road, Sadarghat Moon star lane, South Nalapara Ajgar Masjid lane at 30 no ward | 4,07,89,012/- | M/s. Ridika Enterprise | | 724575 | |
| | 18 | 11 No. | Development of Kulal Para Murgi road at 11 no ward (Lot-2) (C) | 2,99,90,000/- | M/s. Shah Jabbaria Trading | | 722389 | |
| | 19 | 11 No. | Development of Moti Talukdar Bari road and Drain at 11no ward (Lot-2) | 2,49,85,000/- | M/s. Akil Enterprise | | 722388 | |
| | 20 | 23 No. | Development of Kadamtoli and Dewanhat flyover at 23 no ward | 2,09,98,078/- | M/s. Marma Enterprise | | 724574 | |
| | 21 | 9 No. | Construction of Meher Housing Area road Near C world at 9no ward. | 1,50,7,000/- | M/s. J N Enterprise | | 722386 | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 22 | 13 No. | Development of Chaiyanir residential area road with drain at 13no ward (Lot-2 | 3,50,00,000/- | M/s. A N Corporation | | 722390 | |
| | 23 | 24 No. | Development of Bakolia Govt. High School Road, Shalban R/A Road, Mostafabag R/A Road, Chand Mea Monshi Road with RCC Drain, Moushomi R/A Road with RCC Drain, Ujir Ali Sha lane and KB Aman Ali By Lane | 9,30,14,000/- | M/s. A. Ali-P (JV) | | 733771 | |
| | 24 | | Development of Kornofuli Market road and Monsurabad road at 24 no. North Agrabad ward | 2,90,00,000/- | Energient & Strucxel (JV) | | 724294 | |
| | 25 | | Development of Lane bye Lane in Akbarsha Area at 9no North Pahartali ward. | 2,30,00,000/- | M/s. AB-Hoque Brothers | | 722358 | |
| | 26 | 31 No. | Construction of drain and footpath at station road (under ward no-31) | 14,46,99,701/- | M/s. E & P (JV) | | 724569 | |
| | 27 | 6 No. | Development of Bahaddar Bari Hazrat Shah Road Kazi Bari road Up to Karampara at 6 no east sholoshahar road | 2,72,50,000/- | M/s. Brothers Associates | | 722337 | |
| | 28 | 26 No. | Development of Gazi Halda at 26 no ward (Lot-3) D | 5,00,00,000/- | M/s. ARM Eng.-MHSAT (JV) | | 722394 | |
| | 29 | 9No. | Construction of Drain, Boundary wall and Renovation of Grave Yeard at Shahid Lane Railway H/S. at 9no North Pahartali ward. | 2,47,00,000/- | M/s. D R Trading | | 722376 | |
| | 30 | 6 No. | Development of Ghasia para road at 6 no east sholoshahar road | 6,84,50,000/- | M/s. Abir Enterprise | | 722338 | |
| | 31 | 9No. | Development of Nandan Housing No.1, No.2. No.3. No-4 and No.-5 Branch road at 9no ward. | 12,74,87,500/- | M/s. Rangamati Traders-SSE (JV) | | 722347 | |
| | 32 | 25 No. | Works Name- Development of Munshipara road and lane-by lane at 25 no. Rampur ward | 2,49,91,000/- | M/s. Tanjil Enterprise | | 724293 | |
| | 33 | 26No. | Development of Adjacent of Halishahar B-Block land extention work at | 2,39,96,960/- | M/s. Mohshin & Brothers | | 722395 | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 26No. ward. | | | | | |
| | 34 | | **Cons. Of Culver in front of Shotodol Club and Drain at Mali para wieh others ancillart work in 21 no Jamalkhan word** | ১১,৭০,০০০/- | মেসার্স ক্লাসিক মদিনা মোটরস | | ৭২৩০৭১ | |
| | 35 | | **Cons. Of boundary wall in north side bagminiram shiraja khatun high school and R.C.C. work of drain and platform of garbage dump in front of almas cinema hall and others ancillary work at 15 no ward.** | ১৬,৫০,০০০/- | মেসার্স তাজনিম এন্টারপ্রাইজ | | ৭২৩০৭০ | |
| | 36 | | **Alteration of water pipe line, bathroom sewerage pipe line and other ancillary works of building no 04 of bandel shebok colony at 32 no Anderkilla ward.** | ৯,৯৯,৩১৩/- | মেসার্স ক্রিয়েশান কনষ্ট্রাকশন | | ৭৩৪২৯০' | |
| | 37 | ২ | আরেফন নগর টিজি এর প্লাটফরম মেরামত কাজ | ৫০,০০,০০০/- | মেসার্স ইকবাল এন্ড ব্রাদার্স | | ৭৩৯৪৫৭ | |
| | 38 | ৪ | শহীদ পাড়া সড়ক সংস্কার ও মেরামত কাজ | ৬১,৬১,৫০০/- | মাইশা | | ৭৩৯৪৫৬ | |
| | 39 | ৫ | দক্ষিণ কৈতব্য পাড়া সড়কের ভারী যান বাহন চলাচল প্রবশ রোধে গেইট নির্মাণ | ৭০,০০০.০০ | ॥ পুন: দরপত্র | | ৭১৪৮৫৫ | |

**<u>৩:২:৪ঃ প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপুর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ</u>**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নেসিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উচ্ছেদকৃত অবৈধ স্থাপনাসমূহ যাতে পূনঃদখল হতে না পারে সেজন্য উচ্ছেদকৃত স্থানে বাগান তৈরি অথবা ফেন্সিংয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১৫/৯/২০২২ তারিখে ২০ তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ২। সেবক কলোনী, বাস ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের দীর্ঘ সূত্রিতা যাতে কাটানো যায় সেজন্য জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১৫/৯/২০২২ তারিখে ২০ তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৩। ওয়াসার ঠিকাদার কর্তৃক রাস্তা কর্তনের ক্ষেত্রে অনুমতি পত্রে নিদিষ্ট সময়সীমা অতিক্রম হলে ওয়াসা কর্তৃক পুনরায় অনুমতি পত্র গ্রহন পূর্বক রাস্তা কর্তন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১৫/৯/২০২২ তারিখে ২০ তম সাধারণ সভার সিদ্ধান্ত |

| | | | |
|---|---|---|---|
| | ৪। সিএমপি'র সাথে যোগাযোগ পূর্বক আখতারুজ্জামান ফ্লাইওভারের নিচে (জিইসি পয়েন্ট), পিসি রোড ও উপযুক্ত সড়ক সমূহে পে-পার্কিং ব্যবস্থা চালুকরনে কার্যকর পদক্ষেপ গ্রহন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১৫/৯/২০২২ তারিখে ২০ তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৫। পিসি রোডে ডিভাইডার দিয়ে আলাদা লেইন তৈরি করে ধীরগতির যানবাহন গুলো নিরাপদে চলাচলের ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১৫/৯/২০২২ তারিখে ২০ তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৬। নগরের সকল ভাঙ্গা ফুটপাত দ্রুততার সাথে মেরামত করতে হবে। এবং এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মাস ওয়ারী মাননীয় মেয়র বরাবর দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১৫/৯/২০২২ তারিখে ২০ তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৭। চসিক এলাকায় ফুটপাত মেরামতের জন্য সম্মানিত কাউন্সিলর হতে ওয়ার্ড ভিত্তিক তালিকা সংগ্রহ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১৫/৯/২০২২ তারিখে ২০ তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৮। চট্টগ্রাম মহানগরীর যানজট নিরসনে ট্রাফিক বিভাগের সাথে অত্র কর্পোরেশনের সমন্বয় করে সুশৃঙ্খল গণপরিবহন ব্যবস্থা বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়ন পূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৯। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, রেলওয়ে হাসপাতাল কলোনী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল স্কুল এন্ড কলেজে পাঠদান কার্যক্রম চলা অবস্থায় ও বিভিন্ন সময়ে শ্রেণি কক্ষসহ অন্যান্য কক্ষের ছাদের আস্তর (প্লাস্টার) খসে পড়ার কারণে দূর্ঘটনা ঘটার সম্ভাবনার প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে উক্ত কার্যাদি সম্পাদনের জন্য অত্র কর্পোরেশনের প্রকৌশল বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন খ)প্রধান শিক্ষা কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১০। নগরীর ফুটপাতের ভাঙ্গা রেলিং, গ্রীল ও সৌন্দর্যবর্ধনের জন্য স্থাপিত বিনষ্ট বেষ্টনীগুলো পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৭/০৭/২০২২ তারিখের ১৮তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১১। নগরীতে নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ছাড়পত্র বাধ্যতামূলক করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১২। জলাবদ্ধতার মেগা প্রকল্পভূক্ত এলাকাসহ নগরীর ঝুঁকিপূর্ণ সব খাল নালায় ১৫ (পনের) দিনের মধ্যে নিরাপত্তা বেষ্টনী/স্ল্যাব/নির্দেশক চিহ্ন স্থাপন করতে হবে এবং ফুটপাতের বিনষ্ট স্ল্যাব মেরামত করতে হবে। | ঐ | ঐ |
| | ১৩। ২নং গেইট এলাকার জলাবদ্ধতার কারণ নিরূপনএবং সমাধানে করণীয় বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ঐ | ২৯/০৫/২০২২ তারিখের ১৬তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১৪। ওয়ার্ড ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা(সার্বিক) সংশ্লিষ্ট সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরসহ প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭তম সাধারণ সভার সিদ্ধান্ত |

| | | | |
|---|---|---|---|
| | ১৫। নগরীর সড়কে ও ফ্ল্যাইওভারের নিচে উপযুক্ত স্থানে পে-পার্কিং চালুকরণের বিষয়ে সিএমপির সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭তম সাধারণ সভার সিদ্ধান্ত |

প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা)

৩:২:৫ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখা সর্ম্পকিত বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। মাদারবাড়িতে চসিকের মালিকানাধীন ভূমিতে গাড়ীর শেড নির্মাণের কার্যক্রম দ্রুততার সাথে বাস্তবায়ন করে চসিকের গড়িগুলো পার্কিং, মেরামত ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>২। যান্ত্রিক শাখার কার্যক্রমে গতিশীলতা আনয়নে জন্য যাবতীয় কাজের দায়িত্ব যথাযথ ভাবে বন্টন পূর্বক জবাব দিহিতা নিশ্চত করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:২:৬ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৪ নভেম্বর ২০২২ তারিখে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ স্থায়ী কমিটির ১২তম সভায় গাড়ীর খুচরা যন্ত্রাংশ ক্রয়, যন্ত্রাংশ চুরি রোধে সিকিউরিটির গার্ডের ব্যবস্থা করন। সাগরিকা ওয়ার্কসপের ছাদ অফিস মেরামত ও পানির ট্যাংকে ব্যবস্থা করন, এবং গাড়ী সার্ভিসিং এর জন্য নতুন পয়েন্ট র‍্যাম তৈরী করনের বিষয়েবিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত | বিভিন্ন ধরণের আবর্জনাবাহীর গাড়ীর জন্য খুচরা যন্ত্রাংশ পিপিআর অনুসরন পূর্বক ক্রয়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>তত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | পরিচালনা ও রক্ষণাবেক্ষণ স্থায়ী কমিটির ১২তম সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত। |
| | বিভিন্ন সাইজে প্লেইটের ব্যাটারী, টায়ার টিউব, পুরাতন কন্টেইনার, ভলকানাইজিং কাজের জন্য নতুন এয়ার কম্প্রেসার মেশিন, ব্যাটারী চার্জের জন্য ব্যাটারী চার্জিং মেশিন, নতুন একটি ওয়েল্ডিং মেশিন, কন্টেইনার মেরামত করার জন্য কন্টেইনারের বিভিন্ন খুচরা যন্ত্রাংশ, দামপাড়া ইয়ার্ডের জন্য ১টি এয়ার কম্প্রেসার, দামপাড়াস্থ দাপ্তরিক যান/যন্ত্রপাতির জন্য ব্যাটারী ও টায়ার, দামপাড়াস্থ দাপ্তরিক যান/যন্ত্রপাতির জন্য খুচরা যন্ত্রাংশ পিপিআর অনুসরন পূর্বক ক্রয়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>তত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| সিদ্ধান্ত গৃহীত হয়। | সাগরিকাস্থ ওয়ার্কসপ এলাকায় বিভিন্ন গাড়ীর যন্ত্রাংশ চুরি রোধে সিকিউরিটি গার্ড প্রদানের ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>তত্বাবধায়ক প্রকৌশলী<br>(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | সাগরিকাস্থ ওয়ার্কসপের দৈনন্দিন কাজের প্রতিবেদন সরবরাহ করার জন্য একসেট নতুন কম্পিউটার সরবরাহ এবং কম্পিউটার পেপার ওএক্সেসারিক পিপিআর অনুসরন পূর্বক ক্রয়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>তত্বাবধায়ক প্রকৌশলী<br>(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | সাগরিকাস্থ পুল অফিসের টিনের ছাদ মেরামত, অফিসের টয়লেট মেরামত করণের ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>তত্বাবধায়ক প্রকৌশলী<br>(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | গাড়ী সার্ভিসিং এর নতুন পয়েন্ট র‍্যাম তৈরী করণ এবং ১টি ওভারহেট পানির ট্যাক স্থাপনের ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>তত্বাবধায়ক প্রকৌশলী<br>(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**৩:২:৭ঃ প্রকৌশল বিভাগের (যান্ত্রিক শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখার পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | চাহিদা নির্ধারণ ও মাননীয় মেয়র কর্তৃক অনুমোদনের পর বিভিন্ন সাইজের টায়ার টিউব ও ব্যাটারী বাৎসরিক ভিত্তিতে ইজিপিতে টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্বাবধায়ক প্রকৌশলী<br>(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ২০টি এমএস নতুন কন্টেইনার তৈরী করার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্বাবধায়ক প্রকৌশলী<br>(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |

| | | | |
|---|---|---|---|
| | ব্যয় প্রাক্কলন প্রস্তুত পূর্বক সংস্থার আর্থিক সংগতি বিবেচনায় সরকারের নীতিমালা /সার্কুলার অনুসরণে ৪১টি ইঞ্জিন ট্রলি ক্রয় করার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৮/২০২২ তারিখের ১৯তম সাধারণ সভার সিদ্ধান্ত |

<u>প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)</u>

**৩:২:৮ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎশাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগ বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। নগরীর সড়ক সমূহ ও অলিগলিতে নিরবিচ্ছন্ন আলোকায়নের জন্য সার্বক্ষনিক তদারকির ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>২। কোন স্থানে সড়ক বাতির সঞ্চালন লাইনে ত্রুটি ও সড়কবাতি নষ্ট হলে তাৎক্ষণিকভাবে মেরামতের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৩। বিদ্যুৎ বিভাগে যাবতীয় সরঞ্জামে এক বছরের চাহিদাপত্র মেয়র বরাবরে প্রেরণ করতে হবে এবং তৎমধ্যে অন্তত ৬ মাসের সরঞ্জাম মজুদ রাখতে হবে।<br>৪। ওয়ার্ডওয়ারী চাহিদা পত্র অনুযায়ী মাস ভিত্তিক দুই দফায় বৈদ্যুতিক সরঞ্জমাদি সরবাহের ব্যবস্থা করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

<u>প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)</u>

**৩:২:৯ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎশাখা) সম্পর্কিত স্থায়ী কমিটির সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
